

বিষয়: প্রাথমিক শিক্ষা অধিদপ্তরধীন সরকারি প্রাথমিক বিদ্যালয়ের রাজস্বখাতভুক্ত “সহকারী শিক্ষক নিয়োগ ২০২৩”এর ৩য়
ফর্মের (ঢাকা ও চট্টগ্রাম বিভাগ) লিখিত পরীক্ষার সংশোধিত ফলাফল প্রকাশ।

বিজ্ঞপ্তি

এতদ্বারা সংশ্লিষ্ট সকলকে জানানো যাচ্ছে যে, প্রাথমিক শিক্ষা অধিদপ্তরধীন সরকারি প্রাথমিক বিদ্যালয়ের রাজস্বখাতভুক্ত “সহকারী শিক্ষক নিয়োগ ২০২৩”এর ৩য় ফর্মের (ঢাকা ও চট্টগ্রাম বিভাগ) গত ১৪ জুন ২০২৩ তারিখের ৩৮.০১.০০০০.১৪৩.১১.০১১.২০২৩-৩১০ নং স্মারকে জারীকৃত বিজ্ঞাপনের আলোকে ২৯ মার্চ ২০২৪ তারিখে ২১ জেলায় (ঢাকা, নারায়নগঞ্জ, মানিকগঞ্জ, মুন্সিগঞ্জ, নরসিংদী, গাজীপুর, কিশোরগঞ্জ, রাজবাড়ী, শরিয়তপুর, গোপালগঞ্জ, ফরিদপুর, মাদারীপুর, টাংগাইল, চট্টগ্রাম, কক্সবাজার, ফেনী, নোয়াখালী, লক্ষ্মীপুর, কুমিল্লা, চাঁদপুর, ব্রাহ্মণবাড়ীয়া) গৃহীত লিখিত পরীক্ষার সংশোধিত ফলাফলের ভিত্তিতে সর্বমোট ৪৬,১৯৯ (ছেচল্লিশ হাজার একশত নিরানব্বই) জন প্রার্থীকে মৌখিক পরীক্ষার জন্য নির্বাচিত করা হয়েছে:

- ক. এ ফলাফলের ভিত্তিতে নির্বাচিত প্রার্থীগণ কেবল মৌখিক পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবেন। এ ফলাফল সরকারি প্রাথমিক বিদ্যালয়ের রাজস্বখাতভুক্ত “সহকারী শিক্ষক নিয়োগ ২০২৩”-এর কোন শূন্য পদে নিয়োগের জন্য কোন নিশ্চয়তা প্রদান করে না।
- খ. প্রকাশিত ফলাফলের কোন পর্যায়ে কোন প্রকার ভুল-ভ্রান্তি/ত্রুটি-বিচ্যুতি/মুদ্রণজনিত ত্রুটি পরিলক্ষিত হলে তা সংশোধন করার বা প্রয়োজনবোধে সংশ্লিষ্ট ফলাফল বাতিল/সংশোধন করার এখতিয়ার কর্তৃপক্ষ সংরক্ষণ করে।
- গ. কোন প্রার্থী ইচ্ছাকৃত কোন ভুল তথ্য প্রদান করলে কিংবা কোন তথ্য গোপন করেছেন মর্মে প্রতীয়মান/প্রমাণিত হলে কর্তৃপক্ষ তার ঘোষিত ফলাফল বাতিল করতে পারবে।
- ঘ. প্রার্থীদের লিখিত পরীক্ষায় প্রাপ্ত নম্বর, মৌখিক পরীক্ষায় প্রাপ্ত নম্বর ও একাডেমিক সনদের প্রাপ্ত নম্বরের ভিত্তিতে সরকারি প্রাথমিক বিদ্যালয় শিক্ষক নিয়োগ বিধিমালা, ২০১৯ অনুসরণপূর্বক শূন্যপদের বিপরীতে নিয়োগের জন্য চূড়ান্তভাবে প্রার্থী নির্বাচন করা হবে।
- ঙ. মৌখিক পরীক্ষার স্থান, তারিখ ও সময় পরবর্তীতে যথাসময়ে প্রার্থীদের জানানো হবে।
- ২। মৌখিক পরীক্ষার জন্য নির্বাচিত প্রার্থীদের রোল নম্বর ক্রমানুসারে ফলাফল এতদসঙ্গে প্রদত্ত হলো।

সংযুক্তি: মোট পাতা।



(মনীষ চাকমা)

পরিচালক (যুগ্মসচিব)

পলিসি ও অপারেশন বিভাগ

ফোন-৫৫০৭৪৯১৮

ই-মেইল: dirpolicydpe@gmail.com

বিতরণ: জ্ঞাতার্থে/কার্যার্থে:

- ১। সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। অতিরিক্ত সচিব (বিদ্যালয়), প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩। বিভাগীয় কমিশনার, ঢাকা ও চট্টগ্রাম বিভাগ।
- ৪। পরিচালক (আইএমডি), প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, ঢাকা (প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৫। জেলা প্রশাসক (তিন পার্বত্য জেলা ব্যতীত সকল জেলা), ঢাকা ও চট্টগ্রাম বিভাগ।
- ৬। বিভাগীয় উপপরিচালক, প্রাথমিক শিক্ষা, ঢাকা ও চট্টগ্রাম বিভাগ।
- ৭। জেলা প্রাথমিক শিক্ষা অফিসার (তিন পার্বত্য জেলা ব্যতীত সকল জেলা), ঢাকা ও চট্টগ্রাম বিভাগ।